

যুগ্মত্য

ঢাবিতে ককটেল বিস্ফোরণ, আটক ৩

● ঢাবি প্রতিনিধি

⌚ ১৬ নভেম্বর ২০২৩, ০২:০৬:২১ | অনলাইন সংস্করণ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্র শিক্ষক কেন্দ্র (টিএসসি) এলাকায় ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। রাত সাড়ে ১০টার দিকে টিএসসি সংলগ্ন ডাস ও রোকেয়া হলের যাত্রী ছাউনির সামনে এ ঘটনা ঘটে।

ককটেল বিস্ফোরণের ঘটনার সঙ্গে জড়িত থাকার সন্দেহে তিনজনকে আটক করে পুলিশে দিয়েছেন ছাত্রলীগের নেতাকর্মীরা। এ ঘটনা ক্যাম্পাসে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠার অধ্যাপক মো. মাকসুদুর রহমান বলেন, ঘটনাস্থল থেকে তিনজনকে আটক করে থানায় দেওয়া হয়েছে। ওরা পরপর পাঁচটা ককটেল বিস্ফোরণের চেষ্টা করেছে। চারটা বিস্ফোরিত হয়েছে। একটা বিস্ফোরিত হয়নি।

এ ঘটনায় প্রষ্ঠারিয়াল টিমের কয়েকজন আঘাতপ্রাপ্ত হয়েছেন বলেও জানান তিনি।

প্রত্যক্ষদর্শীরা জানান, সন্ধ্যায় ছাত্রলীগ টিএসসির রাজু ভাস্কের্বের সামনে তফসিল ঘোষণা নিয়ে আনন্দ মিছিল করে। মিছিল পরবর্তী সমাবেশ শেষ করে তারা চলে যাওয়ার পর রাত ১০টার দিকে টিএসসি সংলগ্ন ডাস ও রোকেয়া হলের যাত্রী ছাউনির সামনে পরপর তিনটি ককটেল বিস্ফোরিত হয়।

প্রত্যক্ষদর্শীদের একজন ছাত্রলীগের মাদ্রাসা বিষয়ক সম্পাদক জহিরুল ইসলাম বলেন, ‘আমি রোকেয়া হল হয়ে টিএসসির দিকে আসছিলাম। এর মধ্যে হঠাতে করে কয়েক সেকেন্ডের মধ্যে তিনটা ককটেল বিস্ফোরণ হয়। বিস্ফোরণ ঘটিয়ে তিনজনকে বাইকে করে পালিয়ে যেতে দেখে আমরা হাতেনাতে ধরে ফেলি।’

এই ছাত্রলীগ নেতা আরও জানান, আটক তিনজন নিজেদের নাম বলেছে- বখতিয়ার চৌধুরী শাহিন, নূর মোহাম্মদ সিকদার ও রবেল।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

